বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
ক্রীড়া ও সাংস্কৃতিক পরিষদ
ক্রিকেট উপ-পরিষদ
৭২, গ্রীনরোড, পানি ভবন, ঢাকা-১২০৫

স্মারক নং-বাপাউবো/ক্রীসাপ/ক্রিউপ/০১

তারিখঃ ০৫-১১-২০২৬ খ্রি.

বিজ্ঞপ্তি

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এ কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের জানানো যাচ্ছে যে, মহাপরিচালক মহোদয়ের দপ্তর ডায়েরী নং-২২৯০ তারিখঃ ০৫-১১-২০২৬ খ্রি. এর অনুমোদন মোতাবেক বাপাউবো ক্রীড়া ও সাংস্কৃতিক পরিষদ, ক্রিকেট উপ-পরিষদ এর উদ্যোগে নিম্নে বর্ণিত নিয়মাবলি অনুসরণ করত: **BWDB Cricket Tournament-2026** আগামী ২০-১১-২০২৬ খ্রি. তারিখ হতে অনুষ্ঠিত হবে। উক্ত টুর্নামেন্টে আপনাদের দলগতভাবে অংশগ্রহণ করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

নিয়মাবলিঃ-

১. আপনার এবং আপনার আওতাধীন দপ্তরসমূহে (জোন/উইং ভিত্তিক) কর্মরত যে কোন কর্মকর্তা ও কর্মচারীর সমন্বয়ে ফোকাল দপ্তর নির্ধারণ করত: সংযুক্ত ফরমে দল গঠনের প্রস্তাব করার জন্য অনুরোধ করা হলো। বিশেষভাবে উল্লেখ্য যে, একই জোন/উইং হতে একাধিক টিম প্রস্তাব করা যাবে।

২. প্রতিটি দলে ১৫ (পনেরো) জন খেলোয়াড় এবং ০১ (এক) জন টিম ম্যানেজার থাকবে।

৩. নিবন্ধনকৃত সকল খেলোয়াড়কে অবশ্যই বাপাউবোর্ডের নিয়মিত কর্মকর্তা ও কর্মচারী হতে হবে। তবে প্রতিটি দলে নূন্যতম ০৩ (তিন) বছর যাবৎ চাকুরিরত এমন ০১ (এক) জন আউটসোসিং এ নিয়োগপ্রাপ্ত কর্মচারীকে দলভূক্ত করা যাবে।

৪. প্রমানক হিসেবে নিবন্ধন ফরমের সাথে নিয়মিত কর্মকর্তা ও কর্মচারীদের জন্য বাপাউবো কর্তৃক প্রদানকৃত আইডি কার্ডের ফটোকপি সংযুক্ত করতে হবে এবং আউটসোসিং হিসেবে কর্মরত কর্মচারীর জন্য নিয়োগ আদেশ, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং ০১ (এক) বছরের ব্যাংক হিসাব (বেতন বিররণী) বিবরণী সংযুক্ত করতে হবে।

৫. আগ্রহী সকল খেলোয়াড়কে সংশ্লিষ্ট দপ্তরের অনাপত্তি সনদ ফোকাল দপ্তরের মাধ্যমে দল গঠনের প্রস্তাবের সাথে সংযুক্ত করতে হবে।

৬. অংশগ্রহণকৃত প্রতিটি দলকে অবশ্যই দলীয় জার্সি, ট্রাউজার, কেডস পরিধান করে খেলায় অংশগ্রহণ করতে হবে। দলের খেলোয়াড় এবং ম্যানেজারের জার্সি ক্রিকেট উপ-পরিষদ কর্তৃক প্রদান করা হবে। তবে ট্রাউজার, কেডস নিজ নিজ দলের মাধ্যমে ব্যবস্থা করতে হবে।

৭. অংশগ্রহণে ইচ্ছুক প্রতিটি দলকে ২০,০০০/- (বিশ হাজার) টাকা ফি প্রদান করত: নিবন্ধন নিশ্চিত করতে হবে।

৮. টুর্নামেন্টের প্রতিটি ম্যাচ ২০ (বিশ) ওভারে পরিচালিত হবে।

৯. একজন বোলার সর্বোচ্চ ৪ (চার) ওভার বোলিং করতে পারবে।

১০. টুর্নামেন্ট এর প্রতিটি ম্যাচ ডানলপ বা সমমানের বল এবং সাদা টেপ দিয়ে পরিচালিত হবে।

১১. প্রতিটি ইনিংস শেষ করার জন্য উভয় দল ৯০ (নব্বই) মিনিট করে সময় পাবে।

১২. নির্দিষ্ট সময়ের মধ্যে ম্যাচ শেষ করতে না পারলে অধিনায়ককে ২০০/- (দুইশ) টাকা এবং অন্যান্য সকল খেলোয়াড়কে ১০০/- (একশ) টাকা জরিমানা করা হবে।

১৩. প্রতিটি দলে ১১ (এগারো) জন করে খেলোয়াড় থাকবে; তবে ফিল্ডিং এর সময় তার দলের যে কোন খেলোয়াড় ফিল্ডিং করতে পারবে।

১৪. খেলা শুরু হওয়ার ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে অধিনায়ককে তার দলের সকল খেলোয়াড়দের নিয়ে মাঠে উপস্থিত থাকতে হবে।

১৫. খেলা শুরু হওয়ার ১৫ (পনেরো) মিনিট পূর্বে একাদশের খেলোয়াড়দের তালিকা ম্যাচ পরিচালনা কমিটির নিকট জমা প্রদান করতে হবে।

১৬. এলবিডব্লিউ এবং মানকাড আউট ছাড়া অন্যান্য সকল নিয়মাবলি আইসিসি কর্তৃক নির্ধারিত নিয়মে পরিচালিত হবে।

১৭. খেলায় আম্পায়ারের সিদ্ধান্ত চুড়ান্ত সিদ্ধান্ত হিসেবে গণ্য হবে।

১৮. চাক বোলিং সম্পূর্ণ নিষিদ্ধ। চাকিং এর ক্ষেত্রে আম্পায়ারের সিদ্ধান্ত চুড়ান্ত সিদ্ধান্ত হিসেবে গণ্য হবে।

পাতা-১/৩

১৯. খেলা চলাকালীন সময়ে ফিল্ডিং দলের অধিনায়ক ও সহকারী অধিনায়ক ব্যাতীত অন্য কোন খেলোয়াড় আম্পায়ারের সাথে কথা বলতে পারবে না।

২০. খেলা চলাকালীন সময়ে কোন খেলোয়াড় ম্যাচ পরিচালনা কমিটি, আম্পায়ার বা বিপক্ষ দলের খেলোয়াড়ের সাথে অশোভন আচারণ বা আচারণ বিধি অমান্য করলে তাকে শাস্তির আওতায় আনা হবে।

২১. খেলা চলাকালীন সময়ে কোন প্রকার অভিযোগ থাকলে অধিনায়ক তা ম্যাচ পরিচালনা কমিটির সাথে আলোচনা করবেন। সেক্ষেত্রে আচারণ বিধির দিকে সতর্ক দৃষ্টি রাখার জন্য অনুরোধ করা যাচ্ছে।

২২. কোন অবস্থাতেই এক দলের খেলোয়াড় অন্য দলের হয়ে খেলতে পারবে না।

২৩. কোন খেলোয়াড় বা কোন দল কোন প্রকার ফিক্সিং বা পাতানো ম্যাচ খেলার প্রমান পাওয়া গেলে তাকে টুর্নামেন্ট থেকে নিষিদ্ধ করা হবে।

২৪. কোন দল খেলায় ওয়াক ওভার প্রদান করলে ওই দলকে টুর্নামেন্ট থেকে নিষিদ্ধ করা হবে।

২৫. গ্রুপ বা লীগ পর্বের প্রতিটি খেলায় বিজয়ী দল ২ (দুই) পয়েন্ট এবং বিজিত দল ০ (শূণ্য) পয়েন্ট পাবে।

২৬. গ্রুপ বা লীগ পর্বের কোন খেলা প্রাকৃতিক কারণে পরিত্যাক্ত হয় সেক্ষেত্রে দুই দলকে ১ (এক) পয়েন্ট করে দেয়া হবে।

২৭. কোন ম্যাচ টাই হলে সুপারওভারের মাধ্যমে ফলাফল নির্ধারণ করা হবে।

২৮. ১ম ইনিংস চলাকালীন সময়ে প্রাকৃতিক কারণে খেলা স্থগিত হলে পরবর্তীতে তা কার্টেল ওভার ম্যাচ অনুষ্ঠিত হবে। সেক্ষেত্রে ম্যাচ পরিচালনা কমিটি, ম্যাচ রেফারী ও অন ফিল্ড আম্পায়ারের সিদ্ধান্ত চুড়ান্ত সিদ্ধান্ত হিসেবে বিবেচিত হবে।

২৯. কার্টেল ওভার নির্ধারণের ক্ষেত্রে কোন দলের সুপারিশ গ্রহণযোগ্য হবে না।

৩০. ২য় ইনিংস খেলার মাঝে প্রাকৃতিক কারণে খেলা বন্ধ হলে ক্রিক হিরোস অ্যাপস এর মাধ্যমে ডিএল ম্যাথড অনুসরণ করা হবে।

৩১. ডিএল ম্যাথড অনুসরণের ক্ষেত্রে ২য় ইনিংস এ নুন্যতম ০৬ (ছয়) ওভার পর্যন্ত ম্যাচ পরিচালিত হতে হবে। নুন্যতম ০৬ (ছয়) ওভার পর্যন্ত ম্যাচ পরিচালিত না হলে ম্যাচ পরিত্যাক্ত হিসেবে ঘোষণা করা হবে।

৩২. ডিএল ম্যাথডে এগিয়ে থাকা দলকে বিজয়ী ঘোষণা করা হবে।

৩৩. ম্যাচ চলাকালীন সময়ে অধিনায়ক তার নিজস্ব দল ব্যতীত অন্য কোন বিষয়ে কোন মতামত বা সিদ্ধান্ত প্রদান করতে পারবে না।

৩৪. যদি কোন ব্যাটার ইচ্ছাকৃতভাবে ফিল্ডিং দলের খেলোয়াড়কে ফিল্ডিং করার সময় বাধাগ্রস্থ করে তবে তাকে অবস্ট্রাকটিং দ্যা ফিল্ড হিসেবে আউট ঘোষণা করা হবে।

৩৫. খেলায় কোন রানার থাকবে না।

৩৬. টুর্নামেন্ট চলাকালীন সময়ে কোন খেলোয়াড় পরিবর্তন করা যাবে না।

৩৭. আগামী ০৯-১১-২০২৬ খ্রিঃ তারিখে মধ্যে দল নিবন্ধন নিশ্চিত করতে হবে।

৩৮. ০৯-১১-২০২৬ খ্রিঃ তারিখে মধ্যে নিবন্ধিত দলগুলোর সমন্বয়ে গ্রুপ/লীগ ও ফিক্সার সংক্রান্ত অন্যান্য তথ্যাদি পরবর্তীতে জানিয়ে দেয়া হবে।

৩৯. টুর্নামেন্টে অংশগ্রহণকারী দল বা খেলোয়াড়বৃন্দ কোন ধরণের দৈনিক ভাতা বা ভ্রমণ ভাতা প্রাপ্য হবেন না।

৪০. টুর্নামেন্ট চলাকালীন সময়ে কোন খেলোয়াড়ের বদলী হলেও সে তার মূল দলের হয়ে টুর্নামেন্ট সম্পন্ন করবেন।

5.11.26

রণেন্দ্র শংকর চক্রবর্ত্তী
সম্পাদক
ক্রিকেট উপ-পরিষদ
বাপাউবো ক্রীড়া ও সাংস্কৃতিক পরিষদ
ও
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
টাঙ্গাইল পানি উন্নয়ন সার্কেল
বাপাউবো, টাঙ্গাইল।

বিতরণঃ

১. প্রধান প্রকৌশলী (সকল), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
২. অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
৩. নিয়ন্ত্রক/প্রধান পানি ব্যবস্থাপনা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
৪. চীফ স্টাফ অফিসার, মহাপরিচালক এর দপ্তর, বাপাউবো, ঢাকা। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
৫. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
৬. পরিচালক/অধ্যক্ষ/মূখ্য সম্প্রসারণ কর্মকর্তা (সকল), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
৭. সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের নিমিত্ত।
৮. নির্বাহী প্রকৌশলী, ঢাকা পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, ঢাকা। যাত্রাবাড়ী পানি উন্নয়ন বোর্ড কলোনীর মাঠটি প্রস্তুত রাখার জন্য অনুরোধ করা হলো।
৯. নির্বাহী প্রকৌশলী (সকল), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
১০. উপ-পরিচালক/উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা (সকল), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
১১. সহকারী পরিচালক (সকল), বাংলাদেশ পানি.উন্নয়ন বোর্ড।
১২. ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পূ:রি:/প:রি:/পনগ) এর দপ্তর, বাপাউবো, ঢাকা। অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পূ:রি:/প:রি:/পনগ) মহোদয়ের সদয় অবগতির জন্য।

BWDB Cricket Tournament-2026

দল গঠনের প্রস্তাব ফরম

দলের নাম : .....

ফোকাল দপ্তর : .....

দপ্তরের নাম : .....

ম্যানেজারের নাম, পদবী ও দপ্তর : .....

অধিনায়কের নাম : .....

ক্রমিক নং	খেলোয়াড়ের নাম	পদবী	বাপাউবো'র পরিচিতি নম্বর	দপ্তর	খেলার ধরণ	মোবাইল নম্বর (ক্রিক হিরোজ এ্যাপের জন্য)
০১						
০২						
০৩						
০৪						
০৫						
০৬						
০৭						
০৮						
০৯						
১০						
১১						
১২						
১৩						
১৪						
১৫						

স্বাক্ষর ও তারিখ

(ফোকাল দপ্তরের দপ্তর প্রধাণের)